

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা যুবউন্নয়ন কর্মকর্তার কার্যালয়
কানাইঘাট সিলেট ।
kanaighat@dyd.gov.bd

স্মারক নং-৩৪.০১.৯১৫৯.০০০.১৯৩.২০২২ - ২০৩

তারিখ : ০৩/১২/২০২৩ খ্রি.

বিষয় : জনসচেতনতামূলক প্রশিক্ষণ প্রতিবেদন প্রেরণ প্রসংগে ।

উপরোক্ত বিষয়ের আলোকে মহোদয়ের সদয় অবগতির জন্য জানানো যাচ্ছে যে, সামাজিক কর্মকাণ্ড ও স্বেচ্ছাসেবামূলক কাজে যুবদের ভূমিকা শীর্ষক জনসচেতনতামূলক প্রশিক্ষণ ২২/১১/২০২৩ তারিখ বেলা ১০.০০ টায় উপজেলা পরিষদ হল রুম কানাইঘাট সিলেট এ জনাব ফারজানা নাসরীন উপজেলা নির্বাহী অফিসার, কানাইঘাট সিলেট এর সভাপতিত্বে অনুষ্ঠিত হয়। প্রধান অতিথি হিসাবে উপস্থিত ছিলেন উপপরিচালক যুব উন্নয়ন অধিদপ্তর সিলেট মহোদয়ের প্রতিনিধি জনাব মোঃ আমান উল্লাহ দরজী। বিশেষ অতিথি হিসাবে উপস্থিত ছিলেন ডাঃ নিশাত সায়মা প্রিয়া, মেডিকেল অফিসার, উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স কানাইঘাট, সিলেট। ৩০(ত্রিশ) জন যুবক ও যুবমহিলার উপস্থিতিতে প্রশিক্ষণ কার্যক্রম শুরু হয়। অনুষ্ঠানের শুরুতেই স্বাগত বক্তব্যে উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা জনাব মোঃ আলাউদ্দিন যুবদের জনসচেতনতা নিয়ে দিকনির্দেশনামূলক বক্তব্য প্রদান করেন। প্রধান অতিথি তাঁর বক্তব্যে বলেন আলোকিত, কুসংস্কার মুক্ত দুর্নীতিমুক্ত সমাজগঠনে যুবসংগঠনের ভূমিকা অপরিসীম। তিনি আরো বলেন বাংলাদেশের মতো উন্নয়নশীল দেশে আর্থ সামাজিক অবস্থার সামগ্রিক আলোচনায় এটা প্রতীয়মান, দেশের সমাজকাঠামোর আমূল পরিবর্তনে সামাজিক যুবসংগঠনের বিকল্প নেই। তিনি অংশগ্রহনকারী সকলকে যুব উন্নয়ন অধিদপ্তর থেকে প্রশিক্ষণ গ্রহনকরে আত্মকর্মসংস্থানমূলক কাজে নিয়োজিত হওয়ার জন্য আহ্বান জানান। সভাপতি তাঁর বক্তব্যে সামাজিক কর্মকাণ্ড ও স্বেচ্ছাসেবামূলক কাজে যুবদের ভূমিকা শীর্ষক জনসচেতনতামূলক কর্মকাণ্ড, জঙ্গিবাদ বিরোধী, মাদকমুক্ত সমাজ, যৌতুক বিরোধী, বাল্যবিবাহ প্রতিরোধে যুবদের প্রত্যেককে এগিয়ে আসার আহ্বান জানান। বিশেষ অতিথি তাঁর বক্তব্যে অতীতে সকল সামাজিক, রাজনৈতিক কর্মকাণ্ডে যুবদের অংশগ্রহণে সফলতা এনে দিয়েছে বলে যুবদের ধন্যবাদ জানান। সহকারি উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা জনাব মোঃ আব্দুল আউয়াল এর পরিচালনায় অনুষ্ঠানটি প্রাণবন্ত হয়ে উঠে।

সভাপতি মহোদয় আগত সবাইকে অনুষ্ঠানে উপস্থিত থেকে সফল ও সার্থক করার জন্য ধন্যবাদ ও কৃতজ্ঞতা প্রকাশ করেন।

প্রাপক : উপপরিচালক
যুব উন্নয়ন অধিদপ্তর
সিলেট।

(মোঃ আলাউদ্দিন)
উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা
কানাইঘাট, সিলেট